১৩৭

দৈনিক ইত্তেফাক

তারিখ JAN. 14 1999
পৃষ্ঠা ৯ কলাম ৩

## প্রসঙ্গ জগন্নাথ বিশ্ববিদ্যালয়

দেশে নতুন আরো ১২টি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হচ্ছে যেগুলো শিক্ষা প্রসারের ক্ষেত্রে বর্তমান সরকারের একটি কার্যকরী পদক্ষেপ, যা জাতি দীর্ঘ দিন মনে রাখবে।কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় হল সর্বপ্রকারের সুযোগ-সুবিধা থাকা সত্ত্বেও জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও কলেজ নামক শিক্ষা প্রতিষ্ঠানটি শুধুমাত্র অবহেলার কারণে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ের মর্যাদা হতে বঞ্চিত। বিগত বিএনপি সরকারের আমলে এটিকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ের ঘোষণা দেয়া হয়েছিল। যার প্রস্তরফলক আজও এই কলেজের ক্যাম্পাসে কালের সাক্ষী হয়ে দাঁড়িয়ে আছে। বর্তমান সরকারের মাননীয়া প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিকতা ও ঐকান্তিক ইচ্ছার কারণে বঙ্গবন্ধু সেতু, পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি ও পানি চুক্তিসহ অনেক জটিল কাজ দ্রুত ও সফলভাবে সমাপ্ত হয়েছে। তাই এই জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও কলেজের ৪০,০০০ শিক্ষার্থীর পক্ষ হতে মাননীয়া প্রধানমন্ত্রীর নিকট একটি আকুল আবেদন, তিনি যেন এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করেন, যাতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও কলেজ নামক প্রতিষ্ঠানটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ের মর্যাদা পায়।

—মাসুদুল করিম (মাসুদ),
ব্যবস্থাপনা বিভাগ, সম্মান (১ম বর্ষ), শাখা-B, জগন্নাথ
বিশ্ববিদ্যালয় ও কলেজ, ঢাকা।